

লক্ষ্য বাণিজ্য

ভারত-বাংলাদেশের বাণিজ্য প্রসারের লক্ষ্যে চার দিনের সফরে রাজ্যে এসেছে ঢাকা চেম্বার অব কমার্সের এক প্রতিনিধিদল। পশ্চিমবঙ্গের সঙ্গে বাণিজ্যিক সম্পর্কের প্রসারও তাদের উদ্দেশ্য। সেই সম্ভাবনার হালহকিকৎ বোঝার পাশাপাশি, এ দেশের সরকারি নীতিও কিছুটা সহজ করার আর্জি জানিয়েছেন কমিটির সদস্যেরা।

বৃহস্পতি ক্যালকটা চেম্বারে এই সংক্রান্ত এক আলোচনাসভার পরে ঢাকা চেম্বারের প্রেসিডেন্ট রিজওয়ান রহমান জানান, দু'দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১০০০ কোটি ডলার। বিশ্ব ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী, তা আরও ৬০% বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। বাংলাদেশে ভারত তথা পশ্চিমবঙ্গের লগ্নির জন্য রয়েছে বিশেষ কর ছাড় এবং সহজে অনুমোদনের ব্যবস্থা।

নিজস্ব সংবাদদাতা